

সব গোমর ফাঁস করার হুঁশিয়ারি দিলেন ঢাবি ভিসি

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২১:২৫, ২৩ আগস্ট ২০২৫



ছবি: সংগৃহীত।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনকে ঘিরে কেউ যদি ইচ্ছাকৃতভাবে বাধা সৃষ্টি করে, তবে কে বা কোন পক্ষ এর পেছনে জড়িত থাকবে—তা জাতির সামনে প্রকাশ করবেন বলে হুঁশিয়ারি দিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

শনিবার (২৩ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের কালো দিবস উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ সতর্কবার্তা দেন।

উপাচার্য বলেন, এখন পর্যন্ত বিভিন্ন ছাত্র সংগঠনের আচরণ আশাব্যঞ্জক। তবে ডাকসু নির্বাচন আয়োজন সবসময়ই চ্যালেঞ্জিং কাজ। “যদি কেউ নির্বাচনে বাধা দেয় বা পরিস্থিতি নষ্ট করার চেষ্টা করে, তাহলে কে কী করেছে—সব আমি বলে দেব,” যোগ করেন তিনি।

তিনি আরও বলেন, পুরো জাতি ডাকসু নির্বাচনের দিকে তাকিয়ে আছে। সুষ্ঠু পরিবেশে ভোট আয়োজনের চেষ্টা চলছে এবং কমিশনের দিকনির্দেশনায় সব কার্যক্রম এগোচ্ছে। একইসঙ্গে অংশীজনদের সঙ্গেও আলোচনা হয়েছে।

অধ্যাপক নিয়াজ আহমদ খান স্মরণ করিয়ে দেন, ঢাকা বিশ্ববিদ্যালয় সবসময় অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার থেকেছে। তাই যেকোনো পরিস্থিতিতে ইতিহাস থেকে শিক্ষা নিয়ে অন্যায়ের প্রতিবাদে দাঁড়াতে হবে।

সভায় তিনি সেনাবাহিনীসহ সব অংশীজনকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান।